www.comillarkagoj.com

কুমিল্লার কাগজ

সোমবার, ২০ মে-২০১৩, ০৬ জ্যৈষ্ঠ-১৪২০, ০৯ শাবান-১৪৩৪, রেজি: নং-ঢ-৪৫৭, দৈনিক বিশেষ্ট বর্ষ, সংখ্যা-১৯৫, পৃষ্ঠা-৮, মূল্য-৫টাকা

প্রকাশনাকাল বছর

20 ‡g 2013

কুমিল্লায় মাদক ব্যবসায়ীর যাবজ্জীবন কারাদণ্ড

বনবীর ঘোষ কিংকর

কুমিল্লায় জুয়েল রানা নামে এক মাদক ব্যবসায়ীকে নগদ টাকা জরিমানাসহ যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করেছেন আদালত। কুমিল্লার অতিরিক্ত দায়রা জজের ৩য় আদালত থেকে এ রায় ঘোষণা করা হয়। ওই রায়ে মাদক পাচার কাজে ব্যবহৃত তার প্রাইভেটকারটিকে বাজেয়াপ্ত করার নির্দেশ দেন আদালত। মাদক ব্যবসায়ী জুয়েল রানা নোয়াখালী জেলার লক্ষ্মীপুর সদর এলাকার বাসিন্দা। -এরপর ৫ এর পাতায়

কুমিল্লায় মাদক ব্যবসায়ীর যাবজ্জীবন কারাদণ্ড

১ম পাতার পর

উল্লেখ্য, ২০১০ সালের ১০ এপ্রিল কুমিল্লা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সদর দক্ষিণ সার্কেল এর পরিদর্শক মো. আবুল কাশেম এর নেতৃত্বাধীন একটি দল জেলার কোতয়ালী থানাধীন চাপাপুর এলাকা থেকে ৫শ বোতল ভারতীয় নিষিদ্ধ ফেন্সিডিল ও ১২ কেজি গাঁজাসহ তাকে আটক করে।